



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৫৩৮০/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৯৭০

তারিখ: ৩১-০৫-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৯-০৫-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৫৬০১))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার ভেড়ামারা উপজেলাধীন জুনিয়াদহ মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মো: বাবুল হোসেন একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩১-০৫-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

উপজেলা নির্বাহী অফিসার
ভেড়ামারা, কুষ্টিয়া।

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি

নথি নং-বিঅ-৬/৫৩৮০/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৯৭০ (৬)

তারিখ: ৩১-০৫-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, ভেড়ামারা।
- ২। জেলা শিক্ষা অফিসার, ভেড়ামারা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৪। প্রধান শিক্ষক, জুনিয়াদহ মাধ্যমিক বিদ্যালয়, জুনিয়াদহ, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৫। অভিযোগকারী, জনাব মো: বাবুল হোসেন (০১৭২৭-৯০৩৬৯২), জুনিয়াদহ, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৬। অফিস নথি।

৩১-০৫-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর

তারিখ-০৯/৫/২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।

বিষয়-নবগঠিত ম্যানেজিং কমিটির সভাপতির ও প্রধান শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ।

জনাব, যথা বিহীত সন্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা নিম্নে স্বাক্ষরকারী কুষ্টিয়া জেলার ভেড়ামারা উপজেলার জুনিয়াদহ মাধ্যমিক বিদ্যালয়ের চলমান নিয়মিত ম্যানেজিং অভিভাবক সদস্য। অত্র বিদ্যালয়ের সভাপতি জনাব মোঃ আশুল আলিম স্বপন, পিতা-মৃতঃ লুৎফর রহমান, মাতা-মোছাঃ হালিমা বেগম, গ্রাম-চন্ডিপুর, ডাক-চন্ডিপুর, উপজেলা-ভেড়ামারা, জেলা-কুষ্টিয়া। অত্র বিদ্যালয়ের সভাপতি নির্বাচিত হবার পরে আমরা জানতে পারি যে, সে একাধিক প্রতিষ্ঠানের সভাপতি পদে বহাল আছেন। সম্পূর্ণ অবৈধ্য ভাবে সভাপতি নির্বাচিত করায় অত্র এলাকায় উত্তম পরিবেশ সৃষ্টি হওয়ায় অভিভাবক বিন্দের মধ্যে অসন্তুস ও অস্থিরতা বিরাজ করছে। যা শিক্ষার্থীদের পড়ালেখার সূষ্ঠ পরিবেশ রক্ষা করা অসম্ভব হচ্ছে, তাই আমরা সচেতন অভিভাবকগণ এই অবৈধ্য সভাপতির পদ থেকে বাতিল পূর্বক ব্যবস্থা গ্রহণে মর্জি হয়। উল্লেখ্য যে, অত্র বিদ্যালয়ের বর্তমান প্রধান শিক্ষক গত ১৪/৪/২০২২ তারিখে তার মেয়াদ শেষ হয়, উক্ত সভাপতি ও প্রধান শিক্ষক যোগসাজসে প্রধান শিক্ষক কে সভাপতির নিজ ক্ষমতা বলে ২ মাসের মেয়াদ বৃদ্ধি করে তাকে প্রধান শিক্ষক পদে বহাল রাখে, যা পরোপরি অবৈধ্য। বর্তমানে উক্ত সভাপতি যে সমস্ত প্রতিষ্ঠানে সভাপতি দায়িত্বরত আছেন তা নিম্ন রূপ-

১। জুনিয়াদহ মাধ্যমিক বিদ্যালয়। ২। বি জে এম ডিগ্রী কলেজ। ৩। ভেড়ামারা আলিম মাদ্রাসা। ৪। পশ্চিম বাহিরচর বারোমাইল দাখিল মাদ্রাসা। ৫। হাসানুল হক ইনু আর্টিজম বিদ্যালয়, ৬। তাহের মাধ্যমিক বিদ্যালয়। সর্ব প্রতিষ্ঠানের উপজেলা ভেড়ামারা, জেলা-কুষ্টিয়া। উল্লেখ্য জুনিয়াদহ মাধ্যমিক বিদ্যালয় হইতে সভাপতির বাড়ী ২২ কিঃমিঃ। এ ছাড়া আমরা জানতে পারলাম একই ব্যক্তি ২ এর অধিক প্রতিষ্ঠানের সভাপতি পদে থাকতে পারবেন না।

অতএব জনাবের নিকট আমার আকুল আবেদন এই যে, উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূষ্ঠতদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে আপনার মর্জি হয়।

বিনীত নিবেদক-

মোঃ আব্দুল হুসেন